

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- দ্বিতীয়

বিষয় :- বিজ্ঞান

একক -ফলের কথা(পৃষ্ঠা :৫২-৫৪)

১ নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও :

১. ১ আম, জাম, আতা, কাঁঠাল, বাদাম, নারকেল - এগুলি কী? তার সংজ্ঞা দাও।

উ :- এগুলি ফল।

ফল - আমরা জানি ফুলের মধ্যে থাকে পরাগ বা রেণু। ফুলের ওপর যখন কোনো পতঙ্গ (প্রজাপতি, মৌমাছি) এসে বসে, তখন ওই পতঙ্গের পায়ে ফুলের রেণু বা পরাগ লেগে যায়, তারপর ওই পতঙ্গ যখন কোনো স্ত্রী ফুলে গিয়ে বসে, তখন স্ত্রী ফুলে পরাগ সংযোগের মাধ্যমে ফুল থেকে ফলের সৃষ্টি হয়।

১.২ তোমরা যখন আম খাও, তখন কি আমটা হাতে নিয়েই কামড়ে খেতে শুরু করো?

উ:- না, আমের খোসা ছাড়িয়ে হলুদ রঙের নরম মিষ্টি শাঁস খাওয়া হয়। শাঁসের নীচে শক্ত মত একটি অংশ থাকে যাকে আমরা আঁটি বা দানা বলি। এটি আসলে ঐ ফলের বীজ, এটি মাটিতে পড়লে এর থেকেই আবার নতুন গাছ জন্মায়।

১ :৩ ফলের কয়টি অংশ? কী কী?

উ:- বই পৃষ্ঠা :৫২

১.৪ ফলকে কয় ভাগে ভাগ করা যায়, কী কী?

উ:- ফলকে সাধারণত রসের ভিত্তিতে, বীজের ভিত্তিতে, ফুলের ভিত্তিতে ও স্বাদের ভিত্তিতে বিভিন্ন ভাগে ভাগ করা যায়। যথা- রসের ভিত্তিতে, সরস ফল যেমন আম, নীরস ফল যেমন বাদাম। বীজের ভিত্তিতে, একবীজ ফল যেমন আম, বহুবীজ ফল যেমন আতা। ফুলের ভিত্তিতে, যৌগিক ফল যেমন আনারস, সরল ফল যেমন আম, গুচ্ছ ফল যেমন আতা। স্বাদের ভিত্তিতে, মিষ্টি ফল যেমন আম, টক ফল যেমন তেঁতুল, কষা ফল যেমন আমলকি, ঝাল ফল যেমন লঙ্কা।

** (আদা গাছের মূল, এটি ফল নয়। বইতে correction করবো। পৃষ্ঠা - ৫৪)

১.৫ জলে জন্মায় এমন একটি ফলের নাম লেখো।

উ:- পানিফল।

১.৬ ধান, গম, কলা গাছ কে ওষধি গাছ কেনো বলা হয়?

উ:- যে সকল গাছ একবার ফল দিয়েই মরে যায়, তাদের ওষধি গাছ বলে।

সাধারণত ধান, গম, কলা গাছ একবার ফল দিয়ে বা ফসল দিয়ে শুকিয়ে যায়, তাই এদের ওষধি গাছ বলা হয়।

১.৭ নিম্নলিখিত ফলগুলি কোন কোন ঋতুতে পাওয়া যায়--আম, তাল, পানিফল
কুল

উ:- আম - গ্রীষ্মকালে

তাল - বর্ষাকালে

পানিফল - শরৎকালে

কুল - শীতকালে পাওয়া যায়।

১.৮ যৌগিক ফল ও গুচ্ছ ফলের মধ্যে তফাৎ কোথায়?

উ:- যখন অনেকগুলি ফুল থেকে একটি মাত্র ফল হয় তাকে বলে যৌগিক ফল।

যেমন- আনারস

আবার যখন একটি ফুল থেকে অনেকগুলি ফল হয়, তাকে বলে গুচ্ছ ফল। যেমন-
আতা।

১.৯ একটি একবীজ, সরস, সরল, মিষ্টি ফলের নাম লেখো ও তার চিত্র অঙ্কন করো।

উ:- আম

শিক্ষার্থীরা নিজ প্রচেষ্টায় আমের ছবি পেন্সিল দিয়ে আঁকবে এবং খোসা, শাঁস ও
বীজ তিনটি অংশ দেখাবে।

বি:দ্র:

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য
Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ
করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।